

শাবিতে ভর্তি বাতিলের হিড়িক

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০০৮ শিক্ষাবর্ষের ক্লাস শুরু এক মাসের মধ্যে প্রায় ১০০ শিক্ষার্থী ভর্তি বাতিল করে অন্যত্র চলে গেছে। প্রতিদিনই কেউ না কেউ ভর্তি বাতিল করছে। ফলে এ বছর শাহজালাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী সংকটের আশঙ্কা করছে সংশ্লিষ্টরা।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটি সূত্রে জানা যায়, ২০০৭-০৮ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ভর্তি কার্যক্রম ২৪ জানুয়ারি শেষ হয়। এ বছর বিভিন্ন বিভাগে ১ হাজার ২০০ শিক্ষার্থীকে ভর্তি করা হয়। বিশ্ববিদ্যালয়ের চলমান সেশনজট কমিয়ে আনার লক্ষ্যে ভর্তি কার্যক্রম শেষ হওয়ার মাত্র চার দিন



পর ২৮ জানুয়ারি থেকে চলতি সেশন থেকে ক্লাস শুরু হয়। কিন্তু ছাত্রীদের জন্য আবাসনের ব্যবস্থা না করা, বিভিন্ন বিভাগে ক্লাস করতে ইচ্ছুকভাবে দেরি করা, বেতন-ফি বাবদ অতিরিক্ত অর্থ আদায়, ঢাকা ইউনিভার্সিটিসহ অন্যান্য ইউনিভার্সিটিতে ভর্তি পরীক্ষায় চাপ পাওয়ারসহ বিভিন্ন কারণে শিক্ষার্থীরা শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি বাতিল করছে বলে জানা যায়। এরই মধ্যে প্রায় ১০০ শিক্ষার্থী ভর্তি বাতিল করে অন্যত্র চলে গেছে। শেষ পর্যন্ত এ সংখ্যা বেড়ে প্রায় ৩০০ হতে পারে বলে প্রথম বর্ষের শিক্ষার্থীরা জানিয়েছে। রবিবারও ব্যাংকে ভর্তি বাতিলের টাকা জমা

দেয়ার জন্য শিক্ষার্থীদের দীর্ঘ লাইন ছিল।

এছাড়া এ বছর ষষ্ঠীবারের মধ্যে ওয়েটিং লিস্ট থেকে আর কোনো ছাত্রছাত্রী ভর্তি করা হবে না বলে ভর্তি কমিটি সিদ্ধান্ত নিয়েছে। ফলে শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ১ হাজার ২০০টি আসনের মধ্যে এক-চতুর্থাংশ আসন খালি থাকবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছে। আর এর ফলে সুযোগ থাকার পরও উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হবে দেশের কয়েকশ মেধাবী শিক্ষার্থী।

এ বিষয়ে যোগাযোগ করা হলে ভর্তি কমিটির সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের ডিসি ড. এম আমিনুল ইসলাম বলেন, ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ওয়েটিং থেকে এ বছর আর কোনো শিক্ষার্থীকে ভর্তি করা হবে না। আসন খালি থাকলেও ভর্তি কমিটির কিছু করার নেই বলে তিনি জানান।